

প্রেস রিলিজ

প্রকল্পের কমিশনিং কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষ্যে মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের প্রকল্প এলাকা পরিদর্শন।

গত ০৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. রোজ বুধবার ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্পের কমিশনিং কার্যক্রমের শুভ উদ্বোধন করেন শিল্প-মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি, এবং মাননীয় প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ডা. আনোয়ারুল আশরাফ খান এমপি, মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২, জনাব জাকিয়া সুলতানা, সচিব, শিল্প মন্ত্রণালয়, জনাব মোঃ সাইদুর রহমান, চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি এবং জনাব এস এম আলম, অতিরিক্ত সচিব (স্ব-স্ব), শিল্প মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে স্থানীয় প্রসাশন ও পুলিশের সিনিয়র কর্মকর্তাসহ জিপিইউএফপি ও জিপিএফপিএলসি'র উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শিল্প-মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জিপিইউএফপি'র কমিশনিং কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষ্যে ফলক উন্মোচনের পর প্রকল্পের ইউরিয়া প্লান্ট, এ্যামোনিয়া প্লান্ট, ইউটিলিটি, সেন্ট্রাল কন্ট্রোল রুম, বান্ধ গোড়াউন, ব্যাগিং প্লান্ট, এ্যামোনিয়া স্টোরেজ ট্যাংকের ওয়াটার কার্টিজ সহ প্রকল্পের জেটি ঘাট পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক উপস্থিত থেকে প্রকল্পের বিভিন্ন প্লান্টের সর্বশেষ অগ্রগতি প্রধান অতিথিসহ উপস্থিত সবাইকে অবগত করেন। প্রকল্পের বিভিন্ন প্লান্ট পরিদর্শন শেষে মাননীয় মন্ত্রী মহোদয় উপস্থিত সাংবাদিকদের-কে অবগত করেন যে, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে সুলভ মূল্যে কৃষকদের কাছে সার পৌঁছে দেয়ার জন্য এ মাসেই প্রকল্পটি পরিক্ষামূলক সার উৎপাদনে যাবে। প্রকল্পের কাজ প্রায় ৯৬% সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রকল্প উদ্বোধনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছেন। আশা করা যায় অক্টোবর, ২০২৩ইং মাসের শেষে অথবা নভেম্বর, ২০২৩ইং মাসের শুরুতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জিপিইউএফপি প্রকল্পের শুভ উদ্বোধন ঘোষণা হবে। প্রকল্প পরিদর্শন শেষে প্রকল্পের সাধারণ ঠিকাদার MHI ও CC-7 সহ প্রকল্পের কর্মকর্তাদের সাথে মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয় এক মত বিনিময় সভায় যোগদান করেন। সভায় বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতিতে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন এবং প্রকল্পের সর্বস্তরের কর্মকর্তাসহ প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।













